

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১১-০৯-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৭-০৯-২০২৩ থেকে ১০-০৯-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

০৭ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর ও উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): দমদম:৭; কাঁথি:৬; মেদিনীপুর:৪

০৮ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : চিত্তরঞ্জন:১৪; লছিপুর:৭; দুর্গাচক:৬; আসানসোল, দুর্গাপুর, বর্ধমান, অভ্যাল:৫; সেবক, আসানসোল:৪

০৯ সেপ্টেম্বর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও জেলার অধিকাংশ জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের দার্জিলিং ও পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : লাভা:১৪; ঝালং:১২; সামসিং:৯; কালিম্পাও:৮; দার্জিলিং, কাঁথি:৭; রানীগঞ্জ:৬; কাকদ্বীপ, চিত্তরঞ্জন: ৪

১০ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : রানীগঞ্জ:৬; রায়গঞ্জ:৫; কল্যাণী:২

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৮৩ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬০ থেকে ৮২ শতাংশ।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (১০.০৯.২০২৩ থেকে ১৬.০৯.২০২৩ পর্যন্ত) :

| জেলা | আর্দ্র | শুষ্ক | জেলা | আর্দ্র | শুষ্ক |
|-----------|--------|-------|-------------|--------|-------|
| বাঁকুড়া | ৪৭ | ৫৩ | হাওড়া | ৬৫ | ৩৫ |
| বীরভূম | ৪১ | ৫৯ | মুর্শিদাবাদ | ৫০ | ৫০ |
| বর্ধমান | ৩৯ | ৬১ | নদীয়া | ৩৯ | ৬১ |
| হুগলী | ৩৪ | ৬৬ | ২৪ পরগনা | ৪৮ | ৫২ |
| পুরুলিয়া | ৪০ | ৬০ | | | |

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (১১ সেপ্টেম্বর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ৩ দিন, ধীরে ধীরে তাপমাত্রা ২-৩ ডিগ্রী সেলসিয়াস কমবে।

দিন ২ (১২ সেপ্টেম্বর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাঙ, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

দিন ৩ (১৩ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ (১১ সেপ্টেম্বর)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ২ (১২ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ৩ (১৩ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত
১১

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর

১১-০৯-২৩